



তথ্যবিবরণী

নম্বর- ১১৫

রাজশাহীতে জগিং ট্র্যাকের উদ্বোধন করলেন বিভাগীয় কমিশনার

রাজশাহী; ১৬ অগ্রহায়ণ (০১ ডিসেম্বর):

আজ রবিবার (০১ ডিসেম্বর) সকালে রাজশাহী কেন্দ্রীয় উদ্যান ও চিড়িয়াখানায় জগিং ট্র্যাকের উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার ও রাজশাহী সিটি কর্পোরেশনের প্রশাসক ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর।

উদ্বোধনকালে রাসিক প্রশাসক বলেন, রাজশাহী অত্যন্ত সুন্দর, পরিচ্ছন্ন, সবুজ এবং আলোর নগরী। এখানে মানুষ একটু স্বাস্থ্যসম্মতভাবে বসবাস করতে চায় তার জন্য প্রয়োজন সুযোগ সুবিধা বৃদ্ধি। এক্ষেত্রে দুটি কাজ করা দরকার- সাঁতার এবং হাঁটা। বর্তমানে সাঁতারের সুযোগ কম থাকলেও ভবিষ্যতে এটা বাড়ানো হবে। কিন্তু হাঁটার সুযোগ আমরা বৃদ্ধি করতে পারি। নগরীতে হাঁটার জন্য দুইটি জায়গা রয়েছে- পার্ক এবং ফুটপাথ। নগরীর ফুটপাথ আমরা চেষ্টা করছি কাজিহিত মানের করতে কিন্তু এখন পর্যন্ত হাঁটার উপযোগী করা যায়নি, কারণ অনেক জায়গা বেদখল হয়ে আছে। আমরা চেষ্টা করছি পার্কে হাঁটার ব্যবস্থা করা।

বেশি হাঁটলে গভীর চিন্তা করার সুযোগ পাওয়া যায় উল্লেখ করে হুমায়ূন কবীর বলেন, হাঁটলে ডায়াবেটিকস, বদহজমের মতো নানাবিধ ব্যাধির ক্ষেত্রে নগরবাসী উপকৃত হবেন। এই সুবিধা দিন দিন আরও বাড়ানো হবে বলেও এসময় তিনি মন্তব্য করেন।

উল্লেখ্য যে, এ জগিং ট্র্যাকে হাঁটার জন্য রাসিক থেকে ডিজিটাল কার্ড সরবরাহ করা হবে। এ কার্ড ব্যবহার করে নগরবাসী শীতকালে সকাল ৬টা থেকে ১০টা ও বিকালে ৪টা থেকে ৬টা পর্যন্ত এবং গ্রীষ্মকালে সকাল ৬টা থেকে ১০টা এবং বিকাল ৫টা থেকে ৭টা পর্যন্ত জগিং ট্র্যাকে হাঁটতে পারবেন। একই সাথে তাদের ব্লাড প্রেশার, ব্লাড সুগার পরিমাপ, ব্লাড গ্রুপিং ও ব্লাড ব্যাংকিং এর মতো স্বাস্থ্য সুবিধা দেওয়া হবে।

এসময় বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, চিকিৎসক, নার্স, শিক্ষার্থী এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক উপস্থিত ছিলেন।

.....

তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/২০২৪/১৫:৩০ ঘ.